# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 27-05-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) সর্বোচ্চ আদালেতর নির্দেশ মেনে রাজ্য সরকার এসএসসি-বাতিল হওয়া শিক্ষক পদে নিয়োগ প্রক্রিয়া শুরু করতে চলেছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

২) মুখ্যমন্ত্রীর আজকের ঘোষণা তাদের জন্য মৃত্যু পরোয়ানার সামিল বলে চাকরীহারা শিক্ষক শিক্ষিকারা অভিযোগ করেছেন।

৩) ২০১৬ সালের এসএসসি-র ২২ লক্ষ ওএমআর শিটের মিরর ইমেজ প্রকাশ করা ও অযোগ্যদের চাকরী বাতিলের দাবিতে চাকরীহারা শিক্ষকদের একাংশ সুপ্রিম কোর্টে মামলা দায়ের করেছেন।

৪) নতুন করে করোনা মোকাবিলায় পুরসভা সবরকম ব্যবস্থা নিয়েছে বলে ডেপুটি মেয়র অতীন ঘোষ জানিয়েছেন।

৫) আয়কর রিটার্নের সময়সমীমা ৩১ শে জুলাই থেকে বাড়িয়ে ১৫ ই সেপ্টম্বর করা হয়েছে।

৬) উত্তর পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ অঞ্চলের কারণে দক্ষিণবঙ্গের সব জেলায় আগামী দুদিন ভারি থেকে অতিভারি বৃষ্টি হতে পারে।

---

সর্বোচ্চ আদালতের নির্দেশ মেনে রাজ্য সরকার এসএসসি-র বাতিল হওয়া শিক্ষক পদে নিয়োগের প্রক্রিয়া শুরু করছে। একই সঙ্গে নতুন কিছু শূন্যপদে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগের প্রক্রিয়া শুরু হবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্নে জানিয়েছেন, ৩০মে মোট ৪৪ হাজার ২০৩টি পদে নিয়োগের বিজ্ঞপ্তি জারি করা হবে। এর মধ্যে আদালতের নির্দেশে ২৪ হাজার ২০৩টি বাতিল হওয়া শিক্ষক পদ রয়েছে। এছাড়াও বিভিন্ন স্কুলে শিক্ষক, গ্রুপ সি এবং গ্রুপ ডির শূন্য পদ মিলিয়ে আরও প্রায় ২০ হাজার অতিরিক্ত কর্মী নিয়োগ করা হবে। মুখ্যমন্ত্রী জানান, চাকরিহারাদের বয়সের ছাড় দেওয়ার পাশাপাশি যারা শিক্ষকতা করছেন তাদের অভিজ্ঞতার শংসাপত্র দেওয়া হবে। তিনি জানান, আদালতের নির্দেশে বাধ্য হয়েই সরকারকে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি জারি করতে হচ্ছে। তবে একই সঙ্গে রায় পুনর্বিবেচনার জন্য রাজ্য সরকার ইতিমধ্যেই সুপ্রিম কোর্টে আবেদনও দাখিল করেছে। গ্রীষ্মের ছুটির পরে আদালত খুললে এবিষয়ে নিষ্পত্তি হবে।

(বাইট)

চাকরিহারা প্রার্থীদের জন্য সব রাস্তা খুলে রাখতে পরীক্ষায় বসারও আবেদন জানান মুখ্যমন্ত্রী। একই সঙ্গে তিনি জানিয়েছেন, সরকার আদালতের রায়ে চাকরিহারা গ্রুপ সি, গ্রুপ ডি কর্মীদের পাশেও থাকবে। তাদের শিক্ষা দফতর ছাড়াও রাজ্য সরকারের আরও কয়েকটি দফতরে চাকরির সুযোগ দেওয়া হবে।

------------------------

মুখ্যমন্ত্রীর আজকের ঘোষণা তাঁদের জন্য মৃত্যু পরোয়ানার সামিল বলে অভিযোগ করেছেন চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা। যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের তরফে

বৃন্দাবন ঘোষ বলেন, সরকার নিয়োগের বিজ্ঞপ্তি বের করুক, তাঁরা তা চান না। যোগ্যদের চাকরিতে সসম্মানে ফেরানোর ব্যাপারে সরকারের সদিচ্ছার অভাব রয়েছে বলে তিনি অভিযোগ করেছেন।

বাইট

তাঁর দাবি, রিভিউ পিটিশনের মাধ্যমে তাদের চাকরি বাঁচানোর জন্য সরকারকে জোরালোভাবে চেষ্টা করতে হবে। মুখ্যমন্ত্রী নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে তাঁদের সঙ্গে বৈঠকে যে কথা দিয়েছিলেন, সেই কথা তাঁকে রাখতে হবে বলেও চাকরিহারারা দাবি জানিয়েছেন।

এদিকে, যোগ্য অযোগ্যদের তালিকা রাজ্যের কাছে আছে, সেই তালিকা প্রকাশিত হলে যোগ্যদের পুনর্বহাল সম্ভব ছিল বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। সাংবাদিকদের তিনি বলেন, চাকরিহারা শিক্ষকদের আন্দোলনে তাঁর দলের পূর্ণ সমর্থন রয়েছে।

------------------------

এদিকে, মুখ্যমন্ত্রীর আজকের চাকরির পরীক্ষার ঘোষণার সমালোচনা করেছে বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি। সমিতির সাধারণ সম্পাদক স্বপন মন্ডল বলেন, আজকের ঘোষণায় আবেদন, মেধা তালিকা প্রকাশ ও কাউন্সেলিং-এর সম্ভাব্য তারিখের কথা থাকলেও পরীক্ষা কবে হবে তার উল্লেখ নেই। যে সংখ্যক শূন্যপদের কথা বলা হয়েছে তা সম্পূর্ন অসত্য বলে তিনি মন্তব্য করেন।

------------------------

২০১৬ সালের এসএসসির ২২ লক্ষ OMR শিটের মিরর ইমেজ প্রকাশ এবং অযোগ্যদের চাকরির বাতিলের দাবিতে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করেছেন চাকরিহারা শিক্ষকদের একাংশ। তাঁদের পক্ষ থেকে সুমন বিশ্বাস জানান, মামলার গুরুত্ব বিচার করে অবসরকালীন বেঞ্চে যাতে শুনানি হয়, তার জন্য আবেদন জানানো হয়েছে।

অন্যদিকে, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর সঙ্গে আলোচনায় বসতে চেয়ে আজ আবার চিঠি দিয়েছে যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ।

------------------------

ওয়েস্টবেঙ্গল জুনিয়ার ডক্টরর্স ফ্রন্ট আজ স্বাস্থ্যভবনের কর্তাদের সঙ্গে দেখা করে ডক্টর দেবাশিষ হালদারকে পূর্ব নির্ধারিত জায়গা থেকে অন্যত্র পোস্টিং দেওয়ার প্রতিবাদ জানায়। আর জি কর আন্দোলনের দুই মুখ অনিকেত মাহাতো এবং আসফাকুল্লা নাইয়াকেও একইভাবে কাউন্সিলিং-এর পর মেরিট লিস্ট অনুযায়ী পাওয়া নিয়োগ ক্ষেত্র থেকে অন্য জায়গায় পাঠানো হচ্ছে বলে তারা জানতে পারেন। এটি সম্পূর্ণ নিয়ম বহির্ভূত এবং উদ্দশ্য প্রণোদিত বলে জুনিয়ার ডক্টর ফোরাম অভিযোগ করে প্রতিবাদ জানিয়েছে।

এদিকে তৃণমূল কংগ্রেস নেতা জয়প্রকাশ মজুমদার বলেছেন, একজন চিকিৎসক যে কোনো জায়গায় পরিষেবা দিতে প্রতিজ্ঞাবদ্ধ। যেখানেই যান তাঁকে চিকিৎসাই করতে হবে।

এদিকে, গতকালের পর আজও আবার স্বাস্থ্য ভবন উড়িয়ে দেওয়ার হুমকি ইমেইল আসায় বিধাননগর থানার পুলিশ সর্বত্র তল্লাশি চালায়। তবে কোথাও কিছু পাওয়া যায়নি।

------------------------

পহেলগাঁওয়ের জঙ্গী হামলায় শহীদ জওয়ানদের এবং নিহত নিরীহ মানুষদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে তৃণমূল কংগ্রেস সংসদীয় দল আজ নতুন দিল্লীতে বৈঠকে বসে। পহেলগাঁও হামলার পেছনে গোয়েন্দা ব্যর্থতার পাশাপাশি হামলাকীরাদের এখনও কেন ধরা গেল না, সেই প্রশ্নও তৃণমূল সাংসাদরা তুলেছেন। বৈঠকে দেশের অভ্যন্তরীন নিরাপত্তা নিয়েও উদ্বেগ প্রকাশ করা হয়। তৃণমূল কংগ্রেস সাংসদ কাকলী ঘোষ দস্তিদার সাংবাদিকদের বলেন, পুরো বিষয়টি নিয়ে আলোচনা করতে সংসদের বিশেষ অধিবেশন ডাকার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে দেওয়া হয়েছে।

------------------------

অপারেশন সিন্দুরের সাফল্যে উত্তর ২৪ পরগণার বনগাঁ সীমান্তের সুটিয়ায় বিএসএফ জওয়ানদের ফুল , মিষ্টি দিয়ে আজ সম্বর্ধনা জানান বিজেপি কর্মীরা। বিজেপির উদ্যোগে তিরঙ্গা যাত্রায় পা মেলান সাধারণ মানুষও।

এদিকে, ভারতীয় বীর সেনাদের কুর্নিশ জানিয়ে আজ কলকাতায় সেনা সম্মান পদযাত্রা করে কংগ্রেস। উত্তর কলকাতায় স্বামী বিবেকানন্দের বাড়িতে স্বামীজীর মূর্তিতে পুষ্পার্ঘ্য নিবেদন করে পদযাত্রার সূচনা হয়। অংশ নেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, কংগ্রেস নেতা, প্রাক্তন সাংসদ প্রদীপ ভট্টাচার্য,কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায়, দলের পর্যবেক্ষক অম্বা প্রসাদ প্রমুখ।

------------------------

অপারেশন সিন্দুরের সাফল্যে ভারতীয় সেনাবাহিনীকে কুর্নিশ জানিয়েছেন মৌলানা আবুল কালাম আজাদ ইনস্টিটিউট অফ এশিয়ান স্টাডিজের অধিকর্তা ডাক্তার স্বরূপ প্রসাদ ঘোষ। তিনি বলেন, বারংবার দেশ এবং নাগরিকদের ওপর আঘাত হানলে ভারত তার প্রত্যুত্তর দেবে।

বাইট

------------------------

দেশজুড়ে করোনার প্রাদুর্ভাবের প্রেক্ষিতে এর মোকাবিলায় কলকাতা পুরসভা সবরকম ব্যবস্থা নিয়েচে বলে ডেপুটি মেয়র অতীন ঘোষ জানিয়েছেন। পুরভবনে আজ স্বাস্থ্য দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠকের পর ডেপুটি মেয়র সাংবাদিক বৈঠকে বলেন, প্রতিটি ওয়ার্ডেই স্বাস্থ্য পরিকাঠামো উন্নত করা হয়েছে।

------------------------

২০২৫-২৬ অ্যাসেসমেন্ট ইয়ারে আয়কর রিটার্ন দাখিলের সময়সীমা ৩১ শে জুলাই থেকে বাড়িয়ে ১৫ই সেপ্টেম্বর করা হয়েছে। কেন্দ্রীয় প্রত্যক্ষ কর পর্ষদ এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে, আয়কর রিটার্নের ফর্ম ও কর মূল্যায়ণ ব্যবস্থাপনাকে উন্নত করা এবং উৎস মূল থেকে কেটে নেওয়া করের পরিমাণ ও তার বিবৃতি আরও ভালো ভাবে প্রকাশ করতে কর রিটার্নের সময়সীমা বৃদ্ধি করা হল। এর ফলে করদাতারা বিনা ঝঞ্ঝাটে রিটার্ন দাখিল করতে পারবেন বলে পর্ষদ উল্লেখ করেছে।

------------------------

উত্তর পশ্চিম বঙ্গোপসাগরের ওড়িশা উপকূল এলাকায় আজ একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হয়েছে। আগামী ৪৮ ঘন্টায় তা ধীরে ধীরে উত্তর দিকে অগ্রসর হওয়ার সম্ভাবনা। এর ফলে আগামী দু-দিন দক্ষিণবঙ্গের সব জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টি হতে পারে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত। সর্বত্রই ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা।

(বাইট)

এদিকে, দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু ইতোমধ্যেই উত্তর-পূর্ব ভারতের বেশিরভাগ রাজ্যেই প্রবেশ করেছে। আগামী দু তিন দিনের মধ্যে হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গে এবং সিকিমে বর্ষা প্রবেশ করতে পারে বলে তিনি জানিয়েছেন।

------------------------

ইস্টবেঙ্গলের মহিলা দল আই এফ এ কন্যাশ্রী কাপ ফুটবল চ্যাম্পিয়ন হয়েছে। এই মরশুমে দুটি ট্রফি জিতে নিলো ইস্টবেঙ্গলের মেয়েরা। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে ফাইনালে নির্ধারিত সময়ে খেলার ফল ১-১ থাকার পর টাইব্রেকারে ৪-২ গোলে শ্রীভূমি এফসি-কে পরাজিত করে মেয়েদের ফুটবলে বাংলা সেরা হয়েছে লাল হলুদ। ম্যাচের প্রথমার্ধ গোলশূন্য থাকার পর দ্বিতীয়ার্ধের শুরুতেই ৪৯ মিনিটে সুলঞ্জনা রাউলের গোলে এগিয়ে যায় ইস্টবেঙ্গল। এরপর ৫১ মিনিটে রিম্পা হালদারের গোলে সমতায় ফেরে শ্রীভূমি এফসি। এবার জাতীয় লীগ জেতার পর কন্যাশ্রী কাপ চ্যাম্পিয়ন হলো ইস্টবেঙ্গল।

------------------------ ------------------------